গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(ডিপিডিসি)
ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর

ডিপিডিসি'র এপ্রিল, ২০২২ খ্রি. মাসের APA অগ্রগতি ও মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | বিকাশ দেওয়ান<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২১/০৪/২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল সভা (Zoom)। |
| উপস্থিতি | ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী / ম্যানেজার হতে সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদেরকে স্বাগতম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় ২০২১-২২ খ্রি. অর্থ বছরের বার্ষিক কর্ম-সম্পাদন সূচক (APA) এর অগ্রগতি ও বিগত মার্চ ২০২২ খ্রি. মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভা পর্যালোচনা করে প্রায় সকল আলোচ্যসূচি নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

**আলোচ্যসূচি-০১: সিস্টেম লস**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভাকে অবহিত করা হয় যে, ২০২১-২০২২ অর্থ বছরের মার্চ-২২ মাসের APA প্রদত্ত সিস্টেম লস সূচকে কয়েকটি এনওসিএস এর সিস্টেম লস ডিপিডিসি'র জন্য প্রযোজ্য লক্ষমাত্রা অনুযায়ী অর্জিত হয়নি। লক্ষ্যমাত্রা অনুযায়ী সিস্টেম লস কমানোর জন্য যথাযথ পদক্ষেপ নেওয়ার বিষয়ে উল্লেখ করা হয়। | ক) সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্যে প্রত্যেক এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী তার অধিনস্থ কর্মকর্তা কর্মচারীদের নিয়ে নিয়মিত মিটিং করবেন এবং সিস্টেম লস নির্ধারিত সীমার মধ্যে রাখার জন্য কর্মপন্থা নির্ধারণ করবেন ও সেই অনুযায়ী কর্ম-পরিকল্পনা গ্রহণ করবেন।<br>খ) সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল এনওসিএস এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী নিয়মিত ফিল্ড ভিজিট করবেন।<br>গ) সিস্টেম লস এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ কর্তৃক সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>ঘ) ফুটপাত সংলগ্ন দোকানে অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধের জন্য নিয়মিত অভিযান চালিয়ে অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। এ লক্ষ্যে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয় একটি কমিটি গঠন করবেন। উক্ত কমিটি প্রয়োজনে টাস্কফোর্স, আইন শৃঙ্খলা বাহিনী ও ডিপিডিসি'র ম্যাজিস্ট্রেটগণ এর সাথে যোগাযোগ করে বর্ণিত কার্যক্রমটি প্রতিনিয়ত মনিটর করবে এবং এ সংক্রান্ত রিপোর্ট প্রতি মাসে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে প্রেরণ করবে।<br>ঙ) অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধের জন্য প্রত্যেক এনওসিএস ডিপিডিসি'র ম্যাজিস্ট্রেট আদালত ও স্পেশাল টাস্কফোর্স এর সহযোগিতায় অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণে বিশেষ অভিযান পরিচালনা করবে। সান্ধ্যকালীন ম্যাজিস্ট্রেট ড্রাইভ দেওয়ার সময় পুলিশ প্রশাসন এর সহায়তা নিতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী ( সকল এনওসিএস)। |

**আলোচ্যসূচি-০২: CB Ratio / একাউন্টস রিসিবএবেল**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় জানানো হয় যে, ২০২১-২০২২ অর্থ বছরে ডিপিডিসি'র বেশ কয়েকটি এনওসিএস (যেমন: শেরে-ই-বাংলানগর, শ্যামলী, লালবাগ, কামরাঙ্গীরচর, রমনা, কাজলা, আজিমপুর, সিদ্ধিরগঞ্জ, মাতুয়াইল, শীতলক্ষ্যা) এর ফেব্রুয়ারি মাসের CB Ratio কাঙ্ক্ষিত লক্ষমাত্রা অনুযায়ী অর্জিত হয়নি। চলতি অর্থ বছরে প্রদত্ত সূচক এর লক্ষ্যমাত্রা অনেক চ্যালেঞ্জিং বিধায় প্রতিনিয়ত স্পেশাল ম্যাজিস্ট্রেট ড্রাইভ দিয়ে সিবি রেশিও এর লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। | ক) চলতি অর্থ বছরের সিবি রেশিও এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামী মে-জুন মাসে প্রতিটি এনওসিএস কর্তৃক কী পরিমাণ বকেয়া আদায় করতে হবে সে সংক্রান্ত তথ্য জিএম, আইসিটি কে ২৫ শে এপ্রিল, ২০২২ ইং এর মধ্যে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়ের দপ্তরে প্রেরণ করতে হবে।<br>ঘ) CB Ratio এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিগত বছর সমূহের ন্যায় চলতি অর্থ বছরেও প্রত্যেক এনওসিএস কে বকেয়া আদায়ের জন্য স্পেশাল ম্যাজিস্ট্রেট ড্রাইভ ও প্রতিনিয়ত টাস্কফোর্স অভিযান পরিচালনা সহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী ( সকল এনওসিএস) |

**আলোচ্যসূচি-০৩: বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত / কর্পোরেশনসমূহের নিকট বকেয়া**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান ও আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত / কর্পোরেশনসমূহের নিকট হতে বকেয়া আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।<br><br>সভায় অবহিত করা হয় যে, সিটি কর্পোরেশন এর স্ট্রিট লাইট এবং ট্রাফিক লাইট এর বকেয়া পরিশোধের জন্য তাদের পর্যাপ্ত বাজেট না থাকায় বর্তমান অর্থবছরে আদায় সম্ভবপর নয় কিন্তু অন্যান্য স্থাপনার বকেয়া আদায়ের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) সিটি কর্পোরেশন এর বকেয়া বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী সিটি কর্পোরেশন এর সাথে যোগাযোগ পূর্বক বকেয়া আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রয়োজনে বকেয়া আদায়ে সংযোগ বিচ্ছিন্ন করা যাবে।<br>খ) সিটি কর্পোরেশন এর Disputed বিলবা এভারেজ বিল সংক্রান্ত কোন জটিলতা থাকলে কমিটি গঠন করে সিটি কর্পোরেশন এর সহিত আলোচনাক্রমে নিষ্পত্তি করতে হবে।<br>গ) সুপ্রীম কোর্ট এর বকেয়া বিল আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং গৃহীত পদক্ষেপ এর বিষয়টি আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়কে অবহিত করতে হবে।<br>ঘ) দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের বকেয়া বিল আদায়ের লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রকল্প পরিচালক-০১ এর সহায়তা নিয়ে উক্ত মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে convince করার সর্বাত্নক প্রচেষ্টা অব্যাহত রাখবে।<br>ঙ) ওয়াসার ডিসপুটেড বিল সুরাহার লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীর সাথে যোগাযোগ করে ওয়াসার ডিস্পুটেড বিল সমাধান করতে হবে। এ সংক্রান্ত একটি রিপোর্ট আগামী ০৯ মে, ২০২২ ইং এর মধ্যে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়ের দপ্তরে প্রেরণ করতে হবে এবং বকেয়া টাকা আদায়ের লক্ষ্যে সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>চ) PWD এর বকেয়া বিল আদায়ের জন্যসংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী PWD এর নির্বাহী প্রকৌশলীকেচিঠি দিবে। নির্ধারিত সময়ে বকেয়া পরিশোধিত না হলে লাইন কেটে দিতে হবে। দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা বর্ণিত কার্যক্রমের সার্বিক সমন্বয় সাধন করবেন।<br>ছ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে পাঠানো মুক্তিযোদ্ধাদের যাবতীয় তথ্য ডিপিডিসি'র সকল এনওসিএস দপ্তর কর্তৃক নিখুঁতভাবে যাচাই-বাছাই ও প্রত্যয়ন পূর্বক মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়ের সার্কুলারের আলোকে শুধুমাত্র যুদ্ধাহত ও শহীদ মুক্তিযোদ্ধাদের ২০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ বিল এর রিবেট দিতে হবে। সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী কর্তৃক মুক্তিযোদ্ধাদের যাবতীয় তথ্য (সনদ নং, এনআইডি ,গেজেট) verify করে এ সংক্রান্ত একটি তালিকা ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আগামী ১০ ই মে, ২০২২ ইং এর মধ্যে প্রেরণ করতে হবে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা এতদ সংক্রান্ত তালিকা কম্পাইল করে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ে প্রেরণ পূর্বক বকেয়া আদায়ের সর্বাত্নক প্রচেষ্টা গ্রহণ করবেন। জিএম, আইসিটি বিষয়টি সার্বক্ষণিক মনিটর করবেন। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, (আইসিটি)/ বর্ণিত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসুচি-০৪:</u> নতুন বিদ্যুৎ সংযোগ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় জিএম, আইসিটি জানান যে, এনওসিএস বাংলাবাজার ও স্বামীবাগ ছাড়া প্রায় সকল এনওসিএস নির্ধারিত সময়ের মধ্যে আবাসিক বিদ্যুৎ সংযোগ প্রদান করেছে। সকল এনওসিএস এর আওতাধীন গ্রাহকদের নতুন বিদ্যুৎ সংযোগ নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ক) আবাসিক (LT) বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পরবর্তী ২ কর্মদিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে ।ডিমান্ড নোটের টাকা, মিটার ও সার্ভিস চার্জ জমা দেয়া সাপেক্ষে পরবর্তী ০২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।<br>খ) ১১ কেভি ও তদূর্ধ্ব ভোল্টেজের গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনের ১৩ দিনের মধ্যে তদন্ত সম্পন্ন করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে। ডিমান্ড নোটের টাকা জমা, সোলার প্যানেল স্থাপন, মিটার সরবরাহ, মিটার টেস্ট সম্পন্ন করার সাপেক্ষে পরবর্তী ২ কর্মদিবসের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**<u>আলোচ্যসূচি-০৫:</u> প্রি-পেইড মিটার সংক্রান্ত**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় কোভিড-১৯ সময়কার ৭দিনের ফ্রেন্ডলি আওয়ার, প্রি-পেইড মিটারের অনিয়মিত রিচার্জ, ২০২১-২২ অর্থ বছরের মধ্যে ৭০০০০ প্রি-পেইড মিটার স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং যমুনা ও হেক্সিং এর মিটার অবিলম্বে গ্রাহক আঙ্গিনায় স্থাপনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ক) এনওসিএস তেজগাঁও এর ২টি প্রি-পেইড মিটারে ফ্রেন্ডলি আওয়ার এর সুবিধা এখনও বিদ্যমান যা অবিলম্বে সমাধান করতে হবে। হারিয়ে যাওয়া ১টি প্রি-পেইড মিটার এর পূর্বের ১২ মাসের বিল গড় করে এস্টিমেটেড একটি পোস্ট-পেইড বিল প্রস্তুত করে গ্রাহকের কাছ থেকে আদায়ের ব্যবস্থা করতে হবে।<br>খ) সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলী প্রি-পেইড মিটারের অনিয়মিত রিচার্জ এর আরও ৫০০ টি কেইস সার্ভে পূর্বক পদক্ষেপ/সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বে নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়ের দপ্তরে প্রেরণ করবে। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী পরিচালক, (অপারেশন) সকল প্রতিবেদন কম্পাইল করবেন এবং পরবর্তী সভায় এর সারমর্ম উপস্থাপন করবেন (গৃহীত পদক্ষেপ সহ)।<br>গ) চলতি অর্থ বছরে ৭০০০০ প্রি-পেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য AMI প্রকল্পের আওতায় ৩৫০০০ স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপনের লক্ষ্যে একটি টাস্কফোর্স গঠন করতে হবে।<br>ঘ) ইউনিফাইড প্রি-পেইড মিটারিং সিস্টেম এর আওতায় নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে যমুনা ও হেক্সিং কর্তৃক খোলা বাজারে সরবরাহকৃত প্রি-পেইড মিটার দিয়ে নতুন সংযোগ প্রদান করতে হবে।<br>ঙ) কেন্দ্রিয় স্টোর এবং এনওসিএস এর স্টোরে মজুদকৃত প্রি-পেইড মিটার দিয়ে গ্রাহক আঙ্গিনায় বিদ্যমান পোস্ট-পেইড মিটারকে অতি দ্রুত প্রতিস্থাপন করতে হবে। বর্ণিত বিষয়টি টাস্কফোর্স টীম কর্তৃক যথাযথভাবে মনিটর করতে হবে।<br>চ) যে সকল ডিভিশনে প্রি-পেইড মিটার রয়েছে সে সকল ডিভিশন নিজ উদ্যোগে UCC সাপোর্ট সার্ভিস নিজস্ব জনবল দিয়ে পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন ও সভাকে অবহিত করবেন। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ নির্বাহী পরিচালক, (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ নির্বাহী পরিচালক (প্রকৌশল)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ জিএম, আইসিটি/ ডিজিএম, (আইসিটি ডেভেলপমেন্ট)/ প্রকল্প পরিচালক (৮.৫ লক্ষ স্মার্ট প্রি-পেইড মিটার)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিটারিং)/ প্রকল্প পরিচালক-০১/ ম্যানেজার, (আইসিটি ডেভেলপমেন্ট)/ নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট সকল এনওসিএস) ও টাস্কফোর্স টীম এর সদস্য)। |

**<u>আলোচ্যসূচি-০৬:</u> ১১ কেভি ফিডার অটোমেশন:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় জিএম, আইসিটি জানান যে, ১১ কেভি ফিডার অটোমেশন ক্রমপুঞ্জিভূত টার্গেট ছিল ৩৩%। ২২৮ টি ফিডার অটোমেশন করা হলেও বিলিং এ ফিডার গুলো change হচ্ছেনা। যার পরিপ্রেক্ষিতে SAIDI/SAIFI এর actual result পাওয়া সম্ভব হচ্ছেনা। সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ যাতে ০১-০২ দিনের মধ্যে তাদের দপ্তরের স্ব স্ব ফিডারগুলো বিলিং সিস্টেম এর আওতায় নিয়ে আসে সে ব্যাপারে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) ১১ কেভি ফিডার অটোমেশন এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য spare ব্যতীত ২৪০ টি SAS যুক্ত ফিডার ও ১৫ টি Non SAS যুক্ত ফিডার অটোমেশন এর কার্যক্রম ৩১ মে, ২০২২ ইং এর মধ্যে বাস্তবায়ন করতে হবে। ইতোমধ্যে যে সমস্ত ফিডার অটোমেশন করা হয়েছে সে সমস্ত ফিডার পোস্ট-পেইড বিলিং সিস্টেম এর আওতায় নিয়ে আসার জন্য সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীকে অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করতে হবে। জিএম, আইসিটি বিষয়টি সার্বিকভাবে মনিটর করবেন।<br>খ) Non SAS যুক্ত ১১ কেভি ফিডার অটোমেশন এর টেন্ডার আহ্বান এর জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রীড সাউথ কে আগামী ১৫ দিনের মধ্যে টেন্ডার বিষয়ক রিপোর্ট সাবমিট করতে হবে। | জিএম, (আইসিটি)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড নর্থ/ সাউথ সার্কেল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম প্রটেকশন)/ সংশ্লিষ্ট আইসিটি কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**আলোচ্যসুচি-০৭: Smart complain & customer service center বাস্তবায়ন সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায়, জিএম (আইসিটি) জানান যে, মন্ত্রণালয়ের সাথে কেবিনেট এর চুক্তি অনুযায়ী ডিপিডিসি'র যে কোন একটি ডিভিশন এ Smart complain customer service center বাস্তবায়ন করতে হবে বিধায় মন্ত্রণালয় থেকে উক্ত সেন্টারটি বাস্তবায়নের জন্য প্রমাণক চাওয়া হচ্ছে। কাস্টমার সেন্টারটি বাস্তবায়নের জন্য এনওসিএস আজিমপুরকে select করা হয়েছিল, কিন্তু অদ্যাবধি এখনও কাস্টমার সেন্টারটি বাস্তবায়ন করা হয়নি। এ প্রসঙ্গে নির্বাহী প্রকৌশলী, এনওসিএস আজিমপুর জানান যে, আগামী মে, ২০২২ ইং এর মধ্যে Smart complain & customer center এর কাজটি বাস্তবায়ন করা সম্ভবপর হবে। | মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ডিপিডিসি'তে Smart complain & customer service center বাস্তবায়ন করার জন্য এনওসিএস আজিমপুর কে নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত center এর ডিজাইনটি নির্বাহী পরিচালক, (অপারেশন) মহোদয়কে দেখানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ প্রধান প্রকৌশলী এনওসিএস (উত্তর)/জিএম, আইসিটি/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল ওয়ার্ক্স)/ নির্বাহী প্রকৌশলী, এনওসিএস আজিমপুর। |

**আলোচ্যসুচি-০৮: ই-নথি ও পেপারলেস অফিস**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট নথির ৮০% ই-নথিতে নিষ্পন্ন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) ম্যানুয়াল নথির তথ্য প্রতি মাসে সিস্টেমে এন্ট্রি করতে হবে।<br><br>খ) এপিএ'র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল নথি ই-ফাইলিং এ নিষ্পত্তি করতে হবে। | সকল দপ্তর প্রধান |

**আলোচ্যসুচি-০৯: স্টোর ম্যানেজমেন্ট, অ্যাসেট ম্যানেজমেন্ট ও APP ম্যানেজমেন্ট সফটওয়্যার**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় নির্বাহী পরিচালক, (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) মহোদয় বাজেট এর সাথে সামঞ্জস্য রেখে জুন এর আগেই ডিপিডিসি'র সকল দপ্তর যাতে তাদের এপিপির চাহিদা অনুসারে যাবতীয় তথ্য এপিপি ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে দ্রুত এন্ট্রি করে সে বিষয়ে গুরুত্বারোপ করেন। | ক)) এনওসিএস সহ সংশ্লিষ্ট সকল দপ্তর এর এপিপি বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় তথ্য অবিলম্বে এপিপি ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে দ্রুত এন্ট্রি করতে হবে এবং স্ব স্ব এনওসিএস জোনের প্রধান প্রকৌশলী ও নিয়ন্ত্রণকারী অফিস প্রধান বিষয়টি নিয়মিত মনিটরিং করবেন।<br>গ) ডিপিডিসি'র আইসিটি, ফিন্যান্স এবং প্রকিউরমেন্ট দপ্তর একে অপরের সাথে একটি লিয়াজোঁ maintain করে জুন এর মাঝামাঝি সময়ের মধ্যে বাজেট পেশ ও APP বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, আইসিটি/<br>ডিজিএম, ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং)/ ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট)/ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান। |

**<u>আলোচ্যসূচি-১০:</u> ট্রান্সফরমার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় ম্যানেজার, আইসিটি ডি এম কামরুল জানান যে, মাত্র ০৫ টি এনওসিএস থেকে ট্রান্সফরমার এর ডাটা পাওয়া যায়। ০৩ টি এনওসিএস এর partial data পাওয়া যায়।বাকী এনওসিএস এর এখনও কোন ডাটা পাওয়া যায়নি। | ক) ট্রান্সফরমার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এর ডেমোনেস্ট্রেশন আগামী ২৭ এ এপ্রিল, ২০২২ খ্রি. এর মধ্যে ডিপিডিসি’র সম্মেলন কক্ষে প্রদর্শন করতে হবে।<br><br>খ) সকল এনওসিএস নির্ধারিত ছকে ট্রান্সফরমার এর ডাটা সংক্রান্ত যাবতীয় তথ্য অবিলম্বে ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট) দপ্তরে প্রেরণ করবে। | নির্বাহী পরিচালক (অপারেশন)/ নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, আইসিটি/<br>সকল এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণ। |

**<u>আলোচ্যসূচি-১১:</u> নিরাপত্তা সংক্রান্তঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| **ক) বৈদ্যুতিক হিটার এর ব্যবহার রোধকরণ সংক্রান্তঃ** আসন্ন শুষ্ক মৌসুমে অগ্নি দুর্ঘটনার ঝুঁকি অনেক বেড়ে যায় ফলে বিদ্যুৎ উপকেন্দ্রসমূহকে অগ্নি দুর্ঘটনার সম্ভাব্য উৎস সম্পর্কে সজাগ থাকতে হবে। বৈদ্যুতিক হিটার অগ্নি দুর্ঘটনার অন্যতম প্রধান একটি উৎস। ডিপিডিসি'র কেপিআইসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় ব্যবহৃত অবৈধ হিটার উচ্ছেদের বিষয়ে গত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকেসংশ্লিষ্ট তত্বাবধায়ক প্রকৌশলীদেরকে পত্র দ্বারা অবহিত করার পর অধিকাংশ স্থাপনার নিয়ন্ত্রণকারী দপ্তর হতে দ্রুত পদক্ষেপ গ্রহণ করাতে সভায় সংশ্লিষ্ট দপ্তর প্রধানদেরকে ধন্যবাদ জানানো হয় পাশাপাশি এখনো যে সকল স্থাপনায় হিটার ব্যবহার হচ্ছে তা অতি দ্রুত উচ্ছেদের পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | ক) বিভিন্ন কেপিআই স্থাপনার স্পর্শকাতর এলাকা (VIP) সহ যে সকল স্থানে এখনো হিটার ব্যবহার হচ্ছে স্ব-স্ব দপ্তর প্রধানকে অনতিবিলম্বে সে গুলো বন্ধ করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং আগামী সভার পূর্বেই তা নিশ্চিত করতে হবে। | **সিদ্ধান্ত ক)**<br>নির্বাহী পরিচালক, অপারেশন্স; সকল দপ্তর প্রধান এবং ডিজিএম (এইচআর), সিকিউরিটি। |
| **খ) কেপিআইসহ ডিপিডিসি'র সকল দপ্তর/স্থাপনায় ঠিকাদার কর্তৃক নিয়োজিত এমপ্লয়ি/নির্মাণ শ্রমিকদের আইডি কার্ড দৃশ্যমান অবস্থায় রাখা সংক্রান্তঃ** বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠান ডিপিডিসি'র অধিকাংশ দপ্তর/স্থাপনা কেপিআইভুক্ত কিংবা কেপিআই এলাকায় অবস্থিত হওয়ায় নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্ত প্রয়োজন ব্যতীত বিদ্যুৎ গ্রাহক বা সর্বসাধারণের প্রবেশে কঠোর নিয়ন্ত্রণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ লক্ষ্যে বিভিন্ন স্থাপনায় নিয়োজিত ঠিকাদারি প্রতিষ্ঠানের এমপ্লয়ি/নির্মাণ শ্রমিকদের আইডি কার্ড/পাস ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে ডিপিডিসি'র অভ্যন্তরীণ সমন্বয় সভায় ইতিপূর্বে প্রদানকৃত নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট সকলকে মেনে চলার উপর গুরুত্বারোপ করা হয়। | খ) কোন স্থাপনায় ঠিকাদারি প্রতিষ্ঠানের অস্থায়ী শ্রমিক-কর্মচারী নিযুক্ত থাকলে ঠিকাদারসহ তাদেরকে স্ব-স্ব প্রতিষ্ঠান হতে (ডিপিডিসি'র নামে নয়) নিযুক্ত কাজের নাম ও মেয়াদ উল্লেখপূর্বক নিয়োজিত দপ্তর প্রধানের স্বাক্ষরিত পরিচয়পত্র গলায় ঝুলিয়ে রেজিস্টারে স্বাক্ষর করে কাজের জন্য প্রবেশ করতে হবে এবং কাজ শেষে যথারীতি স্বাক্ষর করে বাহির হতে হবে। নিয়োজিত শ্রমিক-কর্মচারিগণ অনুমোদিত স্থান ছাড়া অন্য কোথাও ঘুরাফেরা বা প্রবেশ করতে পারবেন না। | **সিদ্ধান্ত খ)**<br>সকল দপ্তর প্রধান ও ডিজিএম (এইচআর), সিকিউরিটি। |
| **গ) মাঠ পর্যায়ে নিরাপত্তা ব্যবস্থা তদারকি জোরদার এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ সংক্রান্তঃ**<br>নিরাপত্তা কর্মীগণ সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কি-না, সিসিটিভি সিস্টেম, বায়োমেট্রিক ফিঙ্গারপ্রিন্ট , অগ্নি নির্বাপক যন্ত্রপাতিসমূহ ও অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা সঠিকভাবে চলছে কি-না তা মাঠপর্যায়ে নিয়মিত তদারক করতে হবে। তাছাড়া কোন নির্দিষ্ট দপ্তরে দাপ্তরিক কর্মপরিবেশ, বহিরাগতদের অস্বাভাবিক আনাগোনা, গ্রাহক সেবায় শৈথিল্য তথা গ্রাহক অসন্তুষ্টি ইত্যাদি পরিস্থিতি বিরাজ করছে কি-না এ বিষয়ে আগাম তথ্য সংগ্রহ করে তা দূরীকরণে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | গ) এ বিষয়ে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক তথ্য সংগ্রহ করে নির্বাহী পরিচালক (অ্যাডমিন এন্ড এইচ আর) দপ্তরে প্রেরণ করতে হবে এবং আকস্মিক পরিদর্শন কাজ অব্যাহত রাখতে হবে। | **সিদ্ধান্ত গ)**<br>ডিজিএম (এইচআর), সিকিউরিটি। |

**আলোচ্যসুচি-১২: জিআইএস**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় নির্বাহী পরিচালক, (অর্থ) মহোদয় গত মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী কাজ বাস্তবায়ন হয়েছে কী না সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালকের কাছে জানতে চান। এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে জিআইএস ম্যাপিং এর ডাটা প্রধান প্রকৌশলী, পিএন্ডডি দপ্তরে প্রেরণ করা হয়েছে। | ক) অবিলম্বে আন্ডারগ্রাউন্ড ক্যাবল এর তথ্য জিআইএস ম্যাপিং এর ডাটাবেজে অন্তর্ভূক্ত করতে হবে। প্রকল্প পরিচালক বর্ণিত কাজের অগ্রগতির একটি ফিডব্যাক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, নির্বাহী পরিচালক, (অর্থ) মহোদয় ও জিএম, আইসিটি কে প্রদান করবে।<br>খ) প্রয়োজনীয় ইন্টিগ্রেশন ও টেস্টিং কাজ সম্পন্ন করার লক্ষ্যে জিআইএস প্রকল্পের প্রকল্প পরিচালককে অনতিবিলম্বে ডিজিএম (আইসিটি), ডেভেলপমেন্ট দপ্তরে জিআইএস ম্যাপিং এর একটি Database Dump প্রদান করতে হবে। | নির্বাহী পরিচালক (প্রকৌশল)/ জেনারেল ম্যানেজার (আইসিটি)/ডিজিএম, আইসিটি (ডেভেলপমেন্ট), প্রকল্প পরিচালক (জিআইএস)/ ম্যানেজার, আইসিটি (ডেভেলপমেন্ট)/ প্রকল্প ও আইসিটি সংশ্লিষ্ট কর্মকর্তা। |

**<u>আলোচ্যসূচি-১৩-</u> All Residential & Non Residential Building location with serial number & All Land সম্পর্কিত ডাটা-বেজ তৈরি সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় নির্বাহী পরিচালক, (অর্থ) মহোদয় জানান যে, All Residential, Non Residential Building with serial number, কোন সালে বিল্ডিং টা construct হয়েছে, কবে শেষ repair হয়েছে, কত তলা বিল্ডিং, কত স্কয়ার ফিটের in detail একটি ডাটাবেজ তৈরি করতে হবে। Estate & Transport দপ্তর থেকে ও all land সম্পর্কিত একটি ডাটাবেজ তৈরি করতে হবে। সকল asset এর একটি টোটাল picture থাকতে হবে মর্মে সভায় নির্বাহী পরিচালক, (অর্থ) মহোদয় নিজস্ব অভিমত ব্যক্ত করেন। টোটাল বিল্ডিং যেহেতু সিভিল দপ্তর থেকে maintenance করা হয় সেহেতু ডিপিডিসি'র সমস্ত বিল্ডিং এর লোকেশন with serial number, construction date, last repairing date, building area (square feet) সহ ব্যবহারকারীর যাবতীয় তথ্যের একটি ডাটাবেজ তৈরির বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। | ব্যবস্থাপনা পরিচালক, মহোদয়ের সভাপতিত্বে গত ১৬/০৩/২০২২ ইং তারিখে All Residential & Non Residential Building location with serial number & All Land এর বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে বর্ণিত কার্যক্রমের অগ্রগতির বিষয়টি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্ক্স এবং ডিজিএম, (এস্টেট এন্ড ট্রান্সপোর্ট) পরবর্তী সমন্বয় সভায় অবহিত করবেন। | জিএম, আইসিটি/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সিভিল ওয়ার্ক্স)/ ডিজিএম, (এস্টেট এন্ড ট্রান্সপোর্ট)/ ডিজিএম, ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং)। |

**<u>আলোচ্যসূচি-বিবিধ-</u>**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| সভায় জিএম, আইসিটি ডিপিডিসি' ও পিজিসিবি'র মধ্যকার dispute amount (মদনগঞ্জ ও শীতলক্ষ্যা উপকেন্দ্রের রক্ষণাবেক্ষণ জনিত সার্ভিস চার্জ ও পিজিসিবি'র হুইলিং) fixed করার বিষয়টি উপস্থাপন করলে এর পরিপ্রেক্ষিতে নির্বাহী প্রকৌশলী, ট্যারিফ এন্ড এ্যানার্জি অডিট জানান যে, উভয় পক্ষের মধ্যে অনুষ্ঠিত সভায় বিস্তারিত আলোচনান্তে মোট ৮৭ কোটি ০৫ লক্ষ টাকার dispute amount fixed করার ব্যাপারে উভয় পক্ষ সম্মত হয়। এই amount এর মধ্যে ডিপিডিসি কর্তৃক বর্ণিত উপকেন্দ্রদ্বয়ের সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ বাবদ কী পরিমাণ ব্যয় হয়েছে তা কর্তন করে পিজিসিবি'র হুইলিং চার্জ বাবদ কত টাকা পরিশোধ করতে হবে তার একটি চূড়ান্ত হিসাব তৈরি করে বর্ণিত dispute amount fixed করার বিষয়ে ডিপিডিসি'র পক্ষ থেকে দাবী জানানো হলে বিষয়টি নিয়ে উভয় পক্ষের মধ্যে মতানৈক্য তৈরি হয় যা পরবর্তীতে পাওয়ার সেল এর ডিজি মহোদয়ের হস্তক্ষেপ এর মাধ্যমে সুরাহা করা প্রয়োজন মর্মে তিনি নিজস্ব অভিমত ব্যক্ত করেন। | ডিপিডিসি ও পিজিসিবি'র মধ্যকার ৮৭ কোটি ০৫ লক্ষ টাকার dispute amount (মদনগঞ্জ ও শীতলক্ষ্যা উপকেন্দ্রের রক্ষণাবেক্ষণ জনিত সার্ভিস চার্জ ও পিজিসিবি'র হুইলিং চার্জ) এর বিষয়টি সুরাহার লক্ষ্যে পাওয়ার সেল এর ডিজি মহোদয়ের গাইড-লাইন অনুসরণ করতে হবে এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (ট্যারিফ এন্ড এ্যানার্জি অডিট) কে বর্ণিত সমস্যা সমাধানে পাওয়ার সেল এর ডিজি মহোদয় ও পিজিসিবি'র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সভার আয়োজন করে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক, (অপারেশন)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ট্যারিফ এন্ড এ্যানার্জি অডিট)/ নির্বাহী প্রকৌশলী (ট্যারিফ এন্ড এ্যানার্জি অডিট) ও ট্যারিফ সংশ্লিষ্ট কর্মকর্তা। |

সভার প্রায় শেষের দিকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট) জানান যে, APA ২০২১-২২ অর্থ বছরে APA এর বিষয়ে ডিপিডিসি'র প্রত্যেক এমপ্লয়ীর জন্য গড়ে ০৫ (পাঁচ) ঘন্টা ট্রেনিং এর লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। কিন্তু জুম অনলাইন এর মাধ্যমে সকল কর্মকর্তাকে গড়ে ০২ (দুই) ঘন্টা করে এপিএ বিষয়ক ট্রেনিং প্রদান করা হয়েছে। অন্যান্য স্টাফদের অনলাইনে এপিএ বিষয়ক ট্রেনিং প্রদান করা সম্ভবপর হচ্ছেনা বিধায় on the job training করার জন্য একটি সার্কুলার জারি করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি স্ব স্ব দপ্তর প্রধান কর্তৃক on the job training এর কোন রিপোর্ট পাওয়া যায়নি বিধায় APA training সম্পর্কিত লক্ষ্যমাত্রা পূরণ করা যাচ্ছেনা। APA ২০২১-২২ অর্থ বছরে APA বিষয়ক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামী ১৫ ই মে এর মধ্যে প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান তার নিজ নিজ দপ্তরের স্টাফদের on the job training সম্পন্ন করে on the job training সংক্রান্ত রিপোর্ট আবশ্যিকভাবে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট) দপ্তরে প্রেরণ করবে।

এছাড়া সময় স্বল্পতার কারণে সমন্বয় সভার যে এজেন্ডাগুলো আলোচনা করা সম্ভব হয় নি, পূর্বের সমন্বয় সভায় আলোচিত সে এজেন্ডাগুলোর সিদ্ধান্তসমূহ অপরিবর্তিত ও পুনর্বহাল থাকবে। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সু-স্বাস্থ্য কামনা করে সকলকে মহান স্বাধীনতা দিবসের রক্তিম শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বিকাশ দেওয়ান
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.০০০.১৬.০১০.২০.২১

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯
১১ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিসট্রেইশন এন্ড এইচ.আর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশনস/ ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।

২) সকল চিফ ইঞ্জিনিয়ার/সকল জেনারেল ম্যানেজার

৩) সকল সুপারিনটেন্ডি ইঞ্জিনিয়ার/প্রজেক্ট ডিরেক্টর, ডিপিডিসি।

৪) চিফ কোর্ডিনেশন অফিসার (সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

৫) সকল নির্বাহী প্রকৌশলী/ম্যানেজার, ডিপিডিসি।

৬) এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

৭) জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচ আর), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

মোঃ আবুল কালাম আজাদ
চিফ কোর্ডিনেশন অফিসার (সুপারিন্টেন্ডিং
ইঞ্জিনিয়ার)